

- * বাংলাদেশ পরিবেশ সংরক্ষণ আইন, ১৯৯৫ এর ১২ ধারা মোতাবেক মহা-পরিচালকের নিকট হইতে, বিধিদ্বারা নির্ধারিত পদ্ধতিতে, পরিবেশগত ছাড়পত্র ব্যতিরেকে কোন এলাকায় কোন শিল্প প্রতিষ্ঠান স্থাপন বা প্রকল্প গ্রহণ করা যাইবে না।
- * পরিবেশ সংরক্ষণ বিধিমালা, ১৯৯৭ অনুসারে ক্লিনিক ও প্যাথলজিক্যাল ল্যাব কমলা-খ শ্রেণীভুক্ত এবং হাসপাতাল লাল শ্রেণীভুক্ত।
- * পরিবেশ সংরক্ষণ বিধিমালা, ১৯৯৭ এর বিধি ৭(৪) মোতাবেক যে কোন শিল্প/প্রতিষ্ঠান/প্রকল্প স্থাপনের পূর্বে সর্বপ্রথম অবস্থানগত ছাড়পত্র তৎপর পরিবেশগত ছাড়পত্র গ্রহণ করতে হবে।

হাসপাতাল, ক্লিনিক/নাসিং হোম ও ডায়াগনস্টিক/প্যাথলজিক্যাল ল্যাব এর অবস্থানগত/পরিবেশগত ছাড়পত্রের জন্য প্রয়োজনীয় কাগজপত্রসমূহ

- ১। নির্ধারিত ফর্মে আবেদন।
- ২। প্রতিষ্ঠান/প্রকল্পের সাধারণ তথ্যাবলী/ফিজিবিলাটি স্ট্যাডি রিপোর্ট/প্রজেক্ট প্রোফাইল।
- ৩। ট্রেড লাইসেন্স।
- ৪। নির্ধারিত ফরমেটে স্থানীয় কর্তৃপক্ষের অনাপত্তিপত্র (মেয়র/চেয়ারম্যান/সিটি কর্পোরেশনের ওয়ার্ড কাউন্সিলর)।
- ৫। দূরত্ব নির্দেশিত লোকেশন ম্যাপ।
- ৬। প্রতিষ্ঠান/প্রকল্পের পূর্ণাঙ্গ লে-আউট প্ল্যান।
- ৭। প্রতিষ্ঠান/প্রকল্পের প্রসেস ফ্লো ডায়াগ্রাম।
- ৮। জমির দাগ ও মৌজার নাম উল্লেখপূর্বক পূর্ণাঙ্গ মৌজা ম্যাপ। (প্রতিষ্ঠান/প্রকল্পের প্রস্তাবিত স্থান চিহ্নিত করতে হবে)।
- ৯। জায়গার মালিকানা দলিল (জায়গা নিজে হলে মিউটেশনসহ)/ভাড়ার চুক্তিপত্র (চুক্তিদাতার মালিকানা সহ)।
- ১০। হালনাগাদ আয়কর পরিশোধের প্রত্যয়নপত্র টাকার পরিমাণসহ টিন, ভ্যাট সার্টিফিকেট।
- ১১। ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স কর্তৃক প্রদত্ত অনুমতিপত্র/লাইসেন্স।
- ১২। প্রতিষ্ঠান/প্রকল্প প্রতিষ্ঠিত হওয়ার তারিখ উল্লেখপূর্বক বিনিয়োগ বোর্ড/ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠান ইত্যাদি কর্তৃক প্রদেয় বিনিয়োগ সংক্রান্ত দালিলিক প্রমাণ।
- ১৩। স্বাস্থ্য অধিদপ্তরের লাইসেন্স।
- ১৪। প্রতিষ্ঠানটির ব্যবহৃত ভবন আবাসিক কিংবা বানিজ্যিক সে বিষয়ে অনুমোদিত লে-আউটসহ সুস্পষ্ট দালিলিক প্রমাণ।
- ১৫। এসব-রে এর জন্য বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ কর্তৃপক্ষের (বাপশনিক) লাইসেন্স (প্রযোজ্য ক্ষেত্রে)।
- ১৬। কঠিন, তরল ও বায়বীয় বর্জ্য নিয়ন্ত্রণে গৃহীত ব্যবস্থাপনার (ইনসিনারেটর/অটোক্লেভ) ব্যাখ্যা (ছবিসহ) এবং চিকিৎসা বর্জ্য ব্যবস্থাপনা বিধিমালা-২০০৮ অনুযায়ী প্রতিষ্ঠানে সৃষ্ট বর্জ্য নিয়ন্ত্রণে গৃহীত কার্যক্রমের বিবরণ (স্থিরচিত্রসহ)।
- ১৭। স্বাক্ষরিত Initial Environment Examination/IEE Report (প্রস্তাবিত প্রতিষ্ঠান বা প্রকল্প)
- ১৮। স্বাক্ষরিত Environment Management Plan/EMP Report (বিদ্যমান প্রতিষ্ঠান বা প্রকল্প)
- ১৯। TOR (Term of Reference) ও EIA (Environmental Impact Assessment) (লাল শ্রেণীর প্রতিষ্ঠান/প্রকল্পের ক্ষেত্রে)
- ২০। প্রয়োজনীয় অন্যান্য তথ্যাবলী (প্রযোজ্য ক্ষেত্রে)
- ২১। মহাপরিচালক, পরিবেশ অধিদপ্তর, ঢাকা বরাবরে
* ছাড়পত্র/নবায়ন ফি বাবদ নির্ধারিত পরিমাণ অর্থ কোড নং ১-৪৫৪১-০০০০-২৬৮১ তে ট্রেজারী চালানের মাধ্যমে জমা দিয়ে উহার মূল কপি আবেদনের সাথে জমা দিতে হবে।
* ছাড়পত্র/নবায়ন ফি'র উপর ১৫% হারে ভ্যাট কোড নং ১-১১৩৩-০০০৫-০৩১১ তে ট্রেজারী চালানের মাধ্যমে জমা দিয়ে উহার মূল কপি আবেদনের সাথে জমা দিতে হবে।
* প্রতিষ্ঠান/প্রকল্প স্থাপনের সাল থেকে অথবা ১৯৯৭ সাল এর পূর্বে স্থাপিত প্রতিষ্ঠান সমূহ ১৯৯৭ সাল থেকে বকেয়া ছাড়পত্র ফি ও ১৫% ভ্যাট বাবদ ট্রেজারী চালানের মূল কপি জমা দিতে হবে।
- ২০। অনলাইনের মাধ্যমে অবস্থানগত/পরিবেশগত ছাড়পত্রের আবেদন করতে হবে (www.doe.gov.bd)।

বিনিয়োগকৃত অর্থের উপর ছাড়পত্র/নবায়ন ফি'র পরিমাণ

বিনিয়োগকৃত অর্থের পরিমাণ	ছাড়পত্র ফি	নবায়ন ফি কলাম (২) এ বর্ণিত ফি এর এক চতুর্থাংশ
ক) ০১ (এক) লক্ষ হইতে ০৫ (পাঁচ) লক্ষের মধ্যে	৳-১,৫০০/-	৳-৩৭৫/-
খ) ০৫ (পাঁচ) লক্ষ হইতে ১০ (দশ) লক্ষের মধ্যে	৳-৩,০০০/-	৳-৭৫০/-
গ) ১০ (দশ) লক্ষ হইতে ৫০ (পঞ্চাশ) লক্ষের মধ্যে	৳-৫,০০০/-	৳-১,২৫০/-
ঘ) ৫০ (পঞ্চাশ) লক্ষ হইতে ০১ (এক) কোটির মধ্যে	৳-১০,০০০/-	৳-২,৫০০/-
ঙ) ০১ (এক) কোটি হইতে ০৫ (পাঁচ) কোটির মধ্যে	৳-২০,০০০/-	৳-৫,০০০/-
চ) ০৫ (পাঁচ) কোটি হইতে ২০ (বিশ) কোটির মধ্যে	৳-৪০,০০০/-	৳-১০,০০০/-
ছ) ২০ (বিশ) কোটি হইতে ৫০ (পঞ্চাশ) কোটির মধ্যে	৳-৮০,০০০/-	৳-২০,০০০/-
জ) ৫০ (পঞ্চাশ) কোটি হইতে ১০০ (একশত) কোটির মধ্যে	৳-১,২০,০০০/-	৳-৩০,০০০/-
ঝ) ১০০ (একশত) কোটি হইতে ২০০ (দুইশত) কোটির মধ্যে	৳-২,০০,০০০/-	৳-৫০,০০০/-
ঞ) ২০০ (দুইশত) কোটি হইতে ৫০০ (পাঁচশত) কোটির মধ্যে	৳-৩,০০,০০০/-	৳-৭৫,০০০/-
ট) ৫০০ (পাঁচশত) কোটি হইতে ১০০০ (এক হাজার) কোটির মধ্যে	৳-৪,০০,০০০/-	৳-১,০০,০০০/-
ঠ) ১০০০ (এক হাজার) কোটির উপরে	৳-৫,০০,০০০/-	৳-১,২৫,০০০/-